

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

০৮ আষাঢ় ১৪২৩ বঃ

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৪.৪৮৩(২).১৬-২২৩৭

তারিখ


২১ জুন ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ উপজেলাধীন সকল মুক্তিযোদ্ধার তথ্যাদি নির্ধারিত ছকে প্রেরণ সংক্রান্ত।

বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাগণের নাম ভারতীয় তালিকা, লাল মুক্তিবর্তা, গেজেট প্রভৃতি প্রমাণকে রয়েছে। এছাড়া বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রণীত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত (বামুস) সনদ এবং এ মন্ত্রণালয় কর্তৃক সাময়িক সনদের তালিকাও রয়েছে। বীর মুক্তিযোদ্ধাগণের নাম একাধিক তালিকায় থাকায় বাজেট প্রণয়ন, ভাতা প্রদানসহ অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে সঠিক সংখ্যা নিরূপন করা সম্ভব হচ্ছে না। জটিলতা নিরসন ও পদ্ধতি সহজীকরণে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রকৃত মুক্তিযোদ্ধার সংখ্যা নিরূপনের লক্ষ্যে উপজেলাওয়ারী সকল মুক্তিযোদ্ধার তথ্যাদি নির্ধারিত ছকে (কপি সংযুক্ত) সংগ্রহের পদক্ষেপ নিয়েছে। প্রচলিত নিয়মে একাধিক প্রমাণক/তালিকা/সনদ (লাল মুক্তিবর্তা/ভারতীয় তালিকা/বামুস সনদ/গেজেট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সাময়িক সনদ) এ নাম থাকলেও সংখ্যা নিরূপনে একজন মুক্তিযোদ্ধাকে একবারই বিবেচনায় নিতে হবে। বিষয়টির সাথে নানা মাতৃকতা (Multi dimention) জড়িত থাকায় প্রতিবেদন প্রেরণে অত্যন্ত সতর্কতা অবলম্বনকরত পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে সংযোজিত ছকে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতি জরুরি গণ্য করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ ফর্দ।

 ২৩/৬/১৭

(মোঃ জুলফিকার আলী হায়দারী)

উপসচিব

ফোনঃ ৯৫৬৬৫৭২

- ১। জেলা প্রশাসক..... (মহানগরী এলাকার ক্ষেত্রে)
- ২। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল)

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (আইসিটি/গেজেট, প্রত্যয়ন ও সনদ), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

বিভাগঃ

জেলাঃ

উপজেলাঃ

মহানগরীর নাম (মহানগরীর ক্ষেত্রে)ঃ

ক্রমিক নং	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	স্থায়ী ঠিকানা	জন্ম তারিখ	ভাতা পাচ্ছেন	ভাতার জন্য আবেদন করেছেন কিনা	জীবিত/মৃত	নিম্নোক্ত যে সকল প্রমাণকে নাম রয়েছে নম্বরসহ তার বিবরণ			মন্তব্য
								প্রমাণক সমূহ	নম্বর, তারিখ	বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)	
								১। ভারতীয় তালিকা ২। লাল মুক্তিবর্তা ৩। বামুস সনদ ৪। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাময়িক সনদ ৫। গেজেট (শহীদ বেসামরিক/সশস্ত্র বাহিনী শহীদ/শহীদ পুলিশ/খেতাব প্রাপ্ত/সেনাবাহিনী/নৌবাহিনী/বিজিবি/মুজিবনগর/পুলিশ/স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক/ নৌকমান্ডো/বিসিএস/বীরাদনা)			

K